

আজ আন্তর্জাতিক

সাক্ষরতা দিবস

(স্টাফ রিপোর্টার)

আজ ৮ই সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। এই দিবসটি যথাযোগ্য মর্যাদার সাথে পালনের জন্য বিভিন্ন সংস্থা ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছে।

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে আজ বিকেল ৫টায় ইনস্টিটিউট একাডেমীতে বাংলাদেশ সাক্ষরতা সমিতির উদ্যোগে এক সম্মেলন অনুষ্ঠিত হবে। জনশক্তি উন্নয়ন ও সমাজকল্যাণমন্ত্রী জনাব এস এ বারী এই সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

সকাল ১০টায় জাতীয় সমবায় ইউনিয়নের উদ্যোগে মতিঝিলস্থ সমবায় সড়নে এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। সমবায়মন্ত্রী ক্যাপ্টেন (অবসরপ্রাপ্ত) আবদুল হালিম চৌধুরী এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে বাংলাদেশ মহিলা পরিষদের ঢাকা শহর কমিটির উদ্যোগে আগামী ১৫ই সেপ্টেম্বর এক আলোচনা, বিতর্ক, প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছে।

এই উপলক্ষে রোডও বাংলাদেশ-এর ঢাকা কেন্দ্র বিকেল ৪টা ৪০ মিনিটে আন্তর্জাতিক সাক্ষরতা দিবসের তাৎপর্য ও গুরুত্ব শীর্ষক একটি কাথকা প্রচার করবে।

তারিখ . ৪/৭/৭৪
পৃষ্ঠা... ৪
কলাম ৩... ..